# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০
www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২১/৪২৬ তারিখ ঃ ১০ চৈত্র. ১৪২৭ / ২৪ মার্চ, ২০২১

## ২০২১ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, বিশ্বব্যাপী কোভিড-১৯ জনিত অতিমারীর কারণে স্বাস্থ্যবিধি মেনে ২০২১ সালের এস এস সি পরীক্ষার্থীদের ফরম পূরণ করা হবে। সিলেট শিক্ষা বোর্ডের অধীনে ২০২১ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** - এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি সিলেট শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

১. **Online** এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা **(probable list)** ওয়েব সাইটে **(https://sylhetboard.gov.bd)** **প্রদর্শন :** ৩১/০৩/২০২১ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে <u>০১/০৪/২০২১ থেকে ০৭/০৪/২০২১ তারিখের মধ্যে **Online**</u> - এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF )** সম্পন্ন করতে হবে।

**(ক) প্রতিষ্ঠান সমূহ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Student Management —›eFF confirmation** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে Login করতে হবে। **Probable list Print** করে হার্ড কপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ড কপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটার এ প্রদর্শনকৃত **Probable list** থেকে Select করতে হবে।

(গ) Temporary **List Print** করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select /Unselect করা যাবে।

(ঘ) এরপর Pay Slip Print করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী **(ক্রমিক -৩) সোনালী ব্যাংকের যেকোন শাখায় সোনালী সেবার মাধ্যমে টাকা জমা** দিতে হবে।

(ঙ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

(চ) বিলম্ব ফি সহ ১২/০৪/২০২১ হতে ১৫/০৪/২০২১ পর্যন্ত **Online** - এ ফরম পূরণ**(eFF)** করা যাবে।

২. পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১(এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩. ফি জমার সর্বশেষ তারিখঃ ০৮/০৪/২০২১ এবং বিলম্ব ফি সহ ১৬/০৪/২০২১।

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/ বিষয়সমূহে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২০ সালের এস এস সি. পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ | ০১/০৪/২০২১ |
| (খ) | কোভিড-১৯ জনিত অতিমারীর কারণে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না | |
| (গ) | অনলাইনে ফরম পূরণ বিলম্ব ফি ছাড়া | ০১/০৪/২০২১ হতে ০৭/০৪/২০২১ |
| (ঘ) | বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ০৮/০৪/২০২১ |
| (ঙ) | বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থীদের **Finalization** | ১০/০৪/২০২১ হতে ১১/০৪/২০২১ |
| (চ) | বিলম্ব ফি সহ অনলাইনে ফরম পূরণ | ১২/০৪/২০২১ হতে ১৬/০৪/২০২১ |
| (ছ) | অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ | ১২/০৪/২০২১ হতে ১৬/০৪/২০২১ |
| (জ) | বিলম্ব ফি সহ পরীক্ষার্থীদের Finalization | ১৭/০৪/২০২১ |

পরীক্ষার মাধ্যম:

৪। বাংলা ও ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ৩০/০৩/২০২১ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক ঃ

| বিষয় | বিষয় কোড | পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

৫ (ক). ফি এর হার : (বোর্ডের প্রাপ্য)

| পরীক্ষার্থীর ধরণ | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) * | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদ (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি ও তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি পরীক্ষার্থী) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (প্রতি প্রতিষ্ঠান) | রেড ক্রিসেন্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | বি.এন.সি.সি ফি (প্রতি পরীক্ষার্থী) | অন লাইন ফি (প্রতি পরীক্ষার্থী) | উন্নয়ন ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | --- | --- | ১৫/= | ৫/= | ৩০০/= | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি) | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | ১০০/= | --- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| অনিয়মিত পরীক্ষার্থী (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে) | ১০০/= | ৩০/= | ৪০/= | --- | ১০০/= | --- | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |
| জি পি এ উন্নয়ন | ১০০/= | ৩০/= | ৪০/= | ১০০/= | --- | ১০০/= | ১৫/= | ৫/= | | ২০/= | ৫/= | ৫/= | ৫০/= |

**(খ) কেন্দ্র ফি : (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের বরাবর জমা দিতে হবে)**

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা।

(২) এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে : পরীক্ষার্থী প্রতি ৪০০/= ( চারশত) টাকা।

* **উল্লেখ্য, প্রত্যেক পরীক্ষার্থী থেকে আদায়কৃত ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) ৩০/- (ত্রিশ) টাকা থেকে** ২০/- (বিশ) টাকা বোর্ডে প্রদান করতে হবে এবং অবশিষ্ট ১০/- (দশ টাকা) কেন্দ্রে প্রেরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্ম সম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ **[১০/- (দশ টাকা)]** হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ টাকা) এবং বহিঃ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ টাকা) হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে শিক্ষা বোর্ড থেকে টিএ/ডিএ বা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করা হবে না।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, তবে এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫/- (পঁচিশ টাকা) হবে, যার মধ্যে থেকে ১৮/- (আঠারো টাকা) প্রতিষ্ঠানের সংশ্লিষ্টদের মধ্যে বন্টন করতে হবে এবং অবশিষ্ট ৭/- (সাত) টাকা কেন্দ্রে প্রেরণ করতে হবে।

আরও উল্লেখ্য, নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের কোন প্রকার ফি বোর্ডে প্রেরণ করতে হবে না।

(গ) **বিলম্ব ফি: পরীক্ষার্থী প্রতি-২০০.০০ (দুইশত) টাকা।**

(ঘ) **পরীক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ ৩১ ডিসেম্বর-২০২০ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন অবস্থাতেই পরীক্ষার্থীদের নিকট হতে ২০২১ সালের বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না।**

৬. <u>নিয়মিত পরীক্ষার্থী:</u>

২০১৯- ২০২০ সালে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৭. <u>অনিয়মিত পরীক্ষার্থী:</u>

(ক) <u>সকল বিষয় :</u>

২০১৭ এবং ২০১৮ সালে নিবন্ধিত শিক্ষার্থী যারা ২০১৯ এবং ২০২০সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেব গণ্য করা যাবে না। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ের জন্য ফরম পূরণ করতে হবে।

(খ) ২০২০ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থীগণ ইচ্ছে করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২০ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিঃ মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের পূর্বের অকৃতকার্য বিষয়/ বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ঐচ্ছিক বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) <u>রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:</u>

২০১৬-২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো ০১ (এক) বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র ০১ (এক) বছরের জন্য নবায়ন করে ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। উপরের খ হতে ঘ তে উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয় সমূহে প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২১ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/ বিষয়সমূহের জিপি পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি'র সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া: 'ঘ' এ উল্লিখিত রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড অত্র শিক্ষা বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দিয়ে নবায়নকৃত রেজি.কার্ড সংগ্রহ করতে হবে। নবায়ন সম্পর্কিত তথ্যাদি অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে জানা যাবে।

ছক

| পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ | যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি.কৃত তার নাম | অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর |
|---|---|---|---|---|

৮. <u>জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী :</u>

কেবল ২০২০ সালের এস এস সি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ হতে ৪.৯৪ প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০২১ সালের এস এস সি পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২১ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। তবে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জিপিএ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র আলাদা খামে বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট জমা দিতে হবে।

৯. <u>শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থী :</u>

বহিস্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শাস্তির মেয়াদ শেষ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে তারা ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। <u>তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।</u>

১০. <u>চতুর্থ বিষয়ের সুবিধা :</u>

২০১৭ ও ২০১৮ সালের নিবন্ধনকৃত পরীক্ষার্থীরা ২০১৯ ও ২০২০ সালের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহন করলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১৭ ও ২০১৮ সালের নিবন্ধনকৃত পরীক্ষার্থীরা যারা ২০১৯ ও ২০২০ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে চতুর্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ০১(এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২১ সালের এস এস সি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১. **স্ক্রাইব নিয়োগ ঃ**
দৃষ্টি প্রতিবন্ধী/অন্য শারীরিক প্রতিবন্ধী (যারা নিজ হাত দিয়ে লিখতে অক্ষম) পরীক্ষার্থীদের লেখক (স্ক্রাইব) অষ্টম শ্রেণীর ছাত্র/ছাত্রীর মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত ছাত্র/ছাত্রীর বিবরণ ও দুই কপি সত্যায়িত ফটো এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য পরীক্ষা শুরুর ০১ (এক) মাস পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে পৌঁছাতে হবে। এছাড়া অন্যান্য প্রতিবন্ধী পরীক্ষার্থীদের আবেদনও একই নিয়মে করতে হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী পরীক্ষার্থীদের স্ক্রাইব নিয়োগ/সময় বৃদ্ধির আবেদনের সাথে সমাজসেবা/ সংশ্লিষ্ট রোগের চিকিৎসকের সনদ/ প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

১২. অন্য বোর্ডে রেজিঃকৃত ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন কার্ড বোর্ডের **বিদ্যালয়** শাখায় জমা দিয়ে বিধি মোতাবেক অত্র বোর্ডের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।

১৩. ২০২১ সালের এস এস সি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর বয়স **১লা জানুয়ারী, ২০২১ তারিখে অনূর্ধ ২০ (বিশ) বছরের মধ্যে হতে হবে**। এ নিয়ম ভঙ্গ করে ফরম পূরণ করা হলে সৃষ্ট জটিলতার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে।

১৪. ছাড়পত্র ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকা ওয়েব সাইটের TC/IMP বাটনে পাওয়া যাবে।

১৫. **পাঠ্যসূচি :**
(ক) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮,২০১৮-২০১৯ এবং২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) ২০২১ সালের পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
(খ) ২০১৭-২০১৮,২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি-র নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর অন লাইনে (বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমে) বোর্ডে প্রেরণ করবে।

বিঃদ্রঃ **বোর্ডের নির্ধারিত ফি ব্যতিত কোন প্রকার ফি গ্রহণ করা যাবে না এবং বোর্ডের নির্ধারিত ফি এর সাথে অন্য কোন ফি সংযুক্ত করে আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন কাগজপত্রাদি বোর্ডে বিতরণ/গ্রহণ করা হবে না এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০২১ সনের এসএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
24/03/2021
(প্রফেসর মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১- ৮৪০০৮৫ (অফিস)

স্মারক নং ঃ সিশিবো/পনি/মাধ্য/২০২১/৪২৬

তারিখ ঃ ১০ চৈত্র, ১৪২৭
২৪ মার্চ, ২০২১

সদয় জ্ঞাতার্থে:
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/যশোর/দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।

৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭। সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
৮। সহকারি মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখা, সিলেট (সকল শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
১০। সংরক্ষণ নথি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪/০৬/২০২২

(শরীফ আহাম্মেদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৯১(অফিস)